**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM–MAN KI BAAT :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানে গর্ব প্রকাশ করেছেন, একবিংশ শতাব্দীর ভারতে বিজ্ঞান নবায়নযোগ্য শক্তিকে সঙ্গে করে এগিয়ে চলেছে। আকাশবাণীতে গতকাল প্রচারিত এই অনুষ্ঠানে শ্রী মোদী ভারতীয় বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লার মহাকাশ থেকে প্রত্যাবর্তনের কথা বলেন। তিনি উল্লেখ করেন, ভারতীয় মহাকাশচারী পৃথিবীতে নিরাপদে অবতরণ করার সময় আনন্দের ঢেউ উঠেছিল এবং সমগ্র দেশ গর্বিত বোধ করেছিল। প্রধানমন্ত্রী স্মরণ করেন, ২০২৩ এর আগস্টে চন্দ্রযান-৩ এর সফল অবতরণ দেশে এক নতুন আবহ তৈরি করেছিল। তিনি বলেন, শিশুরা বিজ্ঞান এবং মহাকাশ সম্পর্কে কৌতূহল দেখাতে শুরু করেছে, মহাকাশ বিজ্ঞানী হওয়ার উচ্চাকাঙ্ক্ষা তৈরি করেছে।

***************

শ্রী মোদী শিশুদের মধ্যে উদ্ভাবন প্রচারের জন্য ইন্সপায়ার-মানক অভিযান,মহাকাশ স্টার্ট-আপের দ্রুত বৃদ্ধি,২৩শে আগস্ট জাতীয় ক্রীড়া দিবস উদযাপন, এই মাসের শুরুতে দুবাইতে অনুষ্ঠিত আন্তর্জাতিক রসায়ন অলিম্পিয়াডে, অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে ভারতীয় শিক্ষার্থীদের সাফল্যের কথা, আগামী মাসে মুম্বাইতে জ্যোতির্বিদ্যা এবং জ্যোতির্পদার্থবিদ্যা অলিম্পিয়াডের কথাও জানান|

তিনি ইউনেস্কো ১২টি মারাঠা দুর্গকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থান হিসেবে স্বীকৃতির কথা গর্বের সঙ্গে উল্লেখ করেন|এছাড়া ১৮ বছর বয়সী শহীদ স্বাধীনতা সংগ্রামী ক্ষুদিরাম বসুর সাহসিকতার কথা তুলে ধরে আগস্ট মাসকে বিপ্লবের মাস বলে অভিহিত করেন। প্রধানমন্ত্রী ১ লা আগস্ট লোকমান্য বাল গঙ্গাধর তিলকের মৃত্যুবার্ষিকী এবং ৮ আগস্ট শুরু হওয়া মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলন, ১৫ আগস্ট স্বাধীনতা দিবস এবং ১৪ আগস্টকে বিভাজন বিভীষিকা স্মরণ দিবসের পাশাপাশি বিভিন্ন ঐতিহাসিক ঘটনার কথা মনে করিয়ে দেন। একইসঙ্গে শ্রী মোদী বিভিন্ন অনুপ্রেরণামূলক ঘটনা এবং উদ্যোগের সঙ্গে ১৯০৫ সালের ৭ ই আগস্ট শুরু হওয়া স্বদেশী আন্দোলন স্মরণে জাতীয় হস্ত তাঁত দিবস উদযাপনের ১০ম বার্ষিকীর কথা জানান। তিনি মন্তব্য করেন যে, বস্ত্র খাত দেশের একটি প্রধান শক্তি হয়ে উঠেছেবলে মন কি বাতে উল্লেখ করেন ।

*********************

**Sukla Charan Noatia :**

পিএম জনমন প্রকল্পে শান্তিরবাজার মহকুমার ৪টি বিদ্যালয়ে ৬টি উপজাতি ছাত্রাবাস তৈরি করা হবে। আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়াল মাধ্যমে ছাত্রাবাসগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

************************

**Health Camp :**

বিশ্ব হেপাটাইটিস দিবস উপলক্ষে গোমতী জেলার উদয়পুর মহকুমার আমতলী হাইস্কুলে গতকাল এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। জাতীয় ভাইরাল হেপাটাইটিস নিয়ন্ত্রণ এবং হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার যৌথ উদ্যোগে আয়োজিত এই মেগা স্বাস্থ্য শিবিরে উদ্বোধন করেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার। অনুষ্ঠানে তিনি বিধায়ক উন্নয়ন তহবিল থেকে একটি ই.সি.জি মেশিন হেপাটাইটিস ফাউন্ডেশনের কর্মকর্তাদের হাতে তুলে দেন।

**********************

**PM, CRPF :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আধাসামরিক বাহিনী, CRPF এর প্রতিষ্ঠা দিবসে গতকাল বাহিনীর কর্মী এবং তাদের পরিবারবর্গকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী, দেশের নিরাপত্তা ব্যবস্থায়, বিশেষ করে অভ্যন্তরীণ নিরাপত্তার সঙ্গে সম্পর্কিত চ্যালেঞ্জিং দিকগুলিতে এই বাহিনী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে বলেও জানান।

********************

**Bicycle Rally :**

ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে এবং উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন ও মাই ভারত উত্তর ত্রিপুরার ব্যবস্থাপনায়, উদ্ভাবনী সামাজিক সংস্কার সহযোগিতায় "কারগিল বিজয় দিবস " উপলক্ষে "নেশা মুক্ত ত্রিপুরা" গড়ার লক্ষ্য নিয়ে গতকাল ধর্মনগর বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়। সূচনা করেন BSF এর অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট দেবেন্দ্র কুমার বর্মা। উপস্থিত ছিলেন ধর্মনগরের ডিসিএম জিনিয়াস দেববর্মা, জেলার ক্রীড়া দপ্তরের উপ-অধিকর্তা বিভাবসু গোস্বামী প্রমুখ।

*******************

**Run For Hope-Bishalgarh :**

নেশামুক্ত বিশালগড় গড়ার আহ্বানে গতকাল স্থানীয় মহকুমা প্রশাসন আয়োজিত "Run For Hope" নামে এক ম্যারাথনের আয়োজন করা হয় । এতে অংশ নিয়ে বিধায়ক সুশান্ত দেব বলেছেন, যুব সমাজকে নেশা থেকে সরিয়ে এনে গোটা রাজ্যকে নেশামুক্ত করাই রাজ্য সরকারের মূল উদ্দেশ্য।

********************

**FIRST DIVISION :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় নাইন বুলেটস ক্লাব ৪-০ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে পরাজিত করে।

**********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। দক্ষিণ, গোমতী, সিপাহীজলা জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ, দু'এক পশলা ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি।

*********************